

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

### بَابُ فِي ذَهَابِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مُوسَى بْنُ خَالِدٍ، أَنبَأَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنِ الْحَجَّاجِ، عَنِ الْوَلِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي مَالِكٍ، عَنِ الْقَاسِمِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، مَوْلَى عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنِ أَبِي أُمَامَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: خُذُوا الْعِلْمَ قَبْلَ أَنْ يَذْهَبَ. قَالُوا: وَكَيْفَ يَذْهَبُ الْعِلْمُ يَا نَبِيَّ اللَّهِ، وَفِينَا كِتَابُ اللَّهِ؟ قَالَ: فَغَضِبَ، ثُمَّ قَالَ: «تَكَلُّمُكُمْ أُمَّهَاتِكُمْ أَوْلَمْ تَكُنِ التَّوْرَةُ وَالْإِنْجِيلُ فِي بَنِي إِسْرَائِيلَ، فَلَمْ يُغْنِيَا عَنْهُمْ شَيْئًا؟ إِنَّ ذَهَابَ الْعِلْمِ أَنْ يَذْهَبَ حَمَلَتُهُ، إِنَّ ذَهَابَ الْعِلْمِ أَنْ يَذْهَبَ حَمَلَتُهُ»

إِسْنَادُهُ ضَعِيفٌ لضعف حجاج بن أرطاة ولكنه حديث حسن بشواهده

বাংলা

২৪৬. আবী উমামা রাঈয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “ইলমকে উঠিয়ে নেওয়ার পূর্বেই তোমরা তা শিক্ষা কর।” তারা বললেন, হে আল্লাহর নবী! আমাদের মাঝে আল্লাহর কিতাব বিদ্যমান থাকা অবস্থায় কিভাবে ইলম উঠে যাবে? বর্ণনাকারী বলেন, তখন তিনি রেগে গেলেন। তারপর বললেন, “তোমাদের মা তোমাদেরকে হারিয়ে ফেলুক! বনী ইসরাঈলদের নিকট কি তাওরাত ও ইনজিল ছিল না? কিন্তু সেগুলি তাদের কোনো কাজেই আসল না। ইলম উঠিয়ে নেওয়ার অর্থ হল ইলমের বাহককে (আলিমগণকে) উঠিয়ে নেওয়া। ইলম উঠিয়ে নেওয়ার অর্থ হল ইলমের বাহককে (আলিমগণকে) উঠিয়ে নেওয়া।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যযীফ, কেননা, হাজ্জাজ বিন আরতাহ যযীফ। কিন্তু শাহিদ থাকার কারণে হাদীসটি হাসান।

তাখরীজ: আহমাদ ও তাবারানীতে রয়েছে। আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ করেছি মাজমাউয যাওয়াইদ হা/৯৯০ এর তাখরীজে। এটি আরও রয়েছে, ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১৩৬, ১৩৭; খতীব, তারীখ ২/২১২;....।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69557>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন